



বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশন

BANGLADESH SHOOTING SPORT FEDERATION

Shooting Complex, 144 Gulshan Avenue, Gulshan-1, Dhaka-1212, E-mail: shooting.bd@gmail.com, Web: www.bssf.com.bd

বিএসএসএফ/প্রশি-২৪৬/৪৫৩

তারিখঃ ০৭-০১-২০২৫

সাধারণ সম্পাদক

----- রাইফেল/শ্যুটিং ক্লাব

বিষয়: তারুণ্যের উৎসব-২০২৫ শ্যুটিং প্রতিযোগিতা আয়োজন প্রসঙ্গে।

জনাব,

বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশনের ব্যবস্থাপনায় আগামী ০১-০৩ ফেব্রুয়ারি-২০২৫ জাতীয় ক্রীড়া পরিষদের নির্দেশনা অনুযায়ী তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে তারুণ্যের উৎসব-২০২৫ শ্যুটিং প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতা শ্যুটিং কমপ্লেক্স, গুলশান-১, ঢাকায় অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় আপনার ক্লাবের অংশগ্রহণ প্রতিযোগিতাকে সুন্দর, সমৃদ্ধ ও উৎসব মুখর করে তুলবে বলে আশা করি। অংশগ্রহণকারী শ্যুটার এবং অফিসিয়ালদের ০১ কপি করে পাসপোর্ট সাইজের ছবিসহ আগামী ২০ জানুয়ারি-২০২৫ তারিখের মধ্যে এন্ট্রি প্রেরণের জন্য অনুরোধ জানাচ্ছি। প্রতিযোগিতার এন্ট্রি ফরম এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

তারুণ্যের উৎসব-২০২৫ শ্যুটিং প্রতিযোগিতা উপলক্ষ্যে অ্যাথলেটদের বয়স (৩১-১২-২০২৪ পর্যন্ত) অনূর্ধ্ব ১৭ বৎসরের মধ্যে হতে হবে। প্রতিযোগিতা ০৬টি ইভেন্টে অনুষ্ঠিত হবে। প্রতিটি ইভেন্টে ছেলে-০১ জন ও মেয়ে ০১ জন, টিমের সাথে টিম অফিসিয়াল অথবা কোচ ০১ জন সহ মোট ০৭ জন অংশগ্রহণ করতে পারবে। এন্ট্রি ফরম পূরণ পূর্বক আগামী ২০ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ফেডারেশনের ই-মেইল shooting.bd@gmail.com ঠিকানায় অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। অংশগ্রহণকারী ০৭ সদস্য শ্যুটিং দলের ০১-০২-২০২৫ তারিখ হতে ০৩-০২-২০২৫ দুপুর পর্যন্ত খাদ্য ও আবাসনের ব্যবস্থা ফেডারেশন বহন করবে। এছাড়াও অংশগ্রহণকারী অ্যাথলেট ও অফিসিয়ালদের যাতায়াতের যৌক্তিক ভাতা প্রদান করা হবে। ইতিমধ্যে যাদের বিএসএসএফ আইডি করা হয়েছে তারা শুধু আইডি নম্বর এবং গান নম্বর দিয়ে এন্ট্রি ফরম পূরণ করে প্রেরণ করতে পারবেন।

প্রতিযোগিতার ইভেন্ট সমূহঃ

১।	.১৭৭ ম্যাচ এয়ার রাইফেল (পুরুষ) অনূর্ধ্ব-১৭	-	৬০শট
২।	.১৭৭ ম্যাচ এয়ার রাইফেল (মহিলা) অনূর্ধ্ব-১৭	-	৬০শট
৩।	.১৭৭ ম্যাচ এয়ার পিস্তল (পুরুষ) অনূর্ধ্ব-১৭	-	৬০শট
৪।	.১৭৭ ম্যাচ এয়ার পিস্তল (মহিলা) অনূর্ধ্ব-১৭	-	৬০শট
৫।	.১৭৭ এয়ার রাইফেল ওপেনসাইট (পুরুষ) অনূর্ধ্ব-১৭	-	৩০শট
৬।	.১৭৭ এয়ার রাইফেল ওপেনসাইট (মহিলা) অনূর্ধ্ব-১৭	-	৩০শট

প্রতিযোগিতার সময়সূচি:

০১-০২-২০২৫ তারিখ: রেজিস্ট্রেশন ও ইকুইপমেন্ট কন্ট্রোল, আন অফিসিয়াল ট্রেনিং, উদ্বোধনী অনুষ্ঠান, র্যালী ও ম্যানেজার্স মিটিং।

০২-০২-২০২৫ তারিখ: প্রতিযোগিতা।

০৩-০২-২০২৫ তারিখ: প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী।

ধন্যবাদান্তে,

মোহাম্মদ আলী সোহেল

মহাসচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তঃ এন্ট্রি ফরম।